

একই স্মারকের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

অতি জরুরী
ই-মেইল যোগে

স্মারক নং- ৫১.২১.০০০০.০১৮.২০.০০৭.১৯-১৮৫

তারিখঃ ৮/০৭/২০২০ খ্রি.

প্রেরকঃ গিয়াসউদ্দিন আহমেদ
পরিচালক(ভিজিডি)

প্রাপকঃ জেলা প্রশাসক

------(সকল)

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে বন্যাক্রান্ত/অন্যান্য দুর্যোগক্রান্ত/দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/ পরিবারের জন্য উপজেলা ও পৌরসভাওয়ারী ভিজিএফ খাদ্যশস্য সহায়তা প্রদান।

সূত্র : ক) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০১০.১৫.২৩৪, তারিখ: ০৭/০৭/২০২০খ্রি:
খ) দুর্যোগ ব্যবস্থা অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০১০.২০.১৮৪, তারিখ: ০২/০৭/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ২০২০-২০২১ অর্থ বছরের আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ভিজিএফ কর্মসূচির আওতায় সারাদেশের ৬৪টি জেলার ৪৯২টি উপজেলা এবং ক, খ ও গ ক্যাটাগরী ৩২৮ পৌরসভার অতিদরিদ্র, অসহায় ও দুঃস্থ পরিবারের জন্য ১০ (দশ) কেজি হারে বিনামূল্যে খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে উপজেলার জন্য ৮৭,৭৯,২০৩ টি ভিজিএফ কার্ডের বিপরীতে ৮৭,৭৯২,০৩০(সাতাশি হাজার সাতশত বিরানব্বই দশমিক শূন্য তিন শূন্য) মেঃটন এবং পৌরসভার জন্য ১২,২৭,৬৬৬টি ভিজিএফ কার্ডের বিপরীতে ১২,২৭৬.৬৬০(বার হাজার দুইশত ছিয়াত্তর দশমিক ছয় ছয় শূন্য) মেঃটন অর্থাৎ সর্বমোট (৮৭,৭৯,২০৩ + ১২,২৭,৬৬৬) = ১,০০,০৬,৮৬৯টি কার্ডের বিপরীতে (৮৭,৭৯২,০৩০ + ১২,২৭৬.৬৬০) = ১,০০,০৬,৮৬৯ (এক লক্ষ আটষাট দশমিক ছয় নয়) মেঃটন ভিজিএফ চাল নিম্নোক্ত শর্তে এবং এতদসঙ্গে সংযুক্ত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বিভাজন অনুযায়ী বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত ভিজিএফ চাল নিম্নোক্ত শর্তাবলি অনুসরণ করে বিতরণ করতে হবে এবং ২৮/০৭/২০২০খ্রি. তারিখের মধ্যে উত্তোলন করতে হবে।

০২। জেলা প্রশাসক ভিজিএফ চাল বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্যকে অবহিত করবেন।


০৩। ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবে।

- (ক) আদমশুমারী ২০১১ এর জনসংখ্যা অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুনঃবিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd এ ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।
- (খ) দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।
- (গ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে।

১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
২. যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
৪. যে পরিবারের উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
৬. যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই।
৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্ত, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা।
৮. যে পরিবারের প্রধান অসম্মল মুক্তিযোদ্ধা।
৯. যে পরিবারের প্রধান অসম্মল ও অক্ষম প্রতিবন্ধী।
১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায়না।


(ঘ) ইউনিয়ন/পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।

৪। মঞ্জুরীকৃত চাল নিম্নবর্ণিত শর্তাদি পালন পূর্বক বিলিভন্টন করতে হবে :


০৮/৭/২০২০

- (ক) জেলা উপজেলা খাদ্য গুদাম হতে বিতরণ কেন্দ্র পর্যন্ত চাল পৌঁছানোর পরিবহন খরচ সরকারী খাত হতে বহন করতে হবে।
- (খ) ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায়।
- (গ) উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ৭০% মহিলাকে অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে।
- (ঘ) বিতরণ শেষে ব্যয়ের প্রতিবেদন ০৭(সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- (ঙ) জেলা/উপজেলা খাদ্যগুদাম হতে বিতরণকেন্দ্র পর্যন্ত চাল পৌঁছানোর জন্য পরিবহন খরচ প্রাপ্তি সাপেক্ষে প্রদান করা হবে।
- (চ) বরাদ্দকৃত ভিজিএফ চাল অবশ্যই ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ নিশ্চিত করতে হবে।
- (ছ) বরাদ্দকৃত চালের ব্যয় 'চলতি ২০২০-২০২১ অর্থ বছরের ১৪৯০১০১ - ১২০০০১৯০৩- ভিজিএফ কার্যক্রম-৩৭২২১০১ ত্রাণ কার্য (চাল)' খাত হতে নির্বাহ করতে হবে।
- ৫। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্ত: উপজেলা ও পৌরসভাওয়ারী বিভাজন ০৮(আট) পাতা।


০৫/৭/২০২০

(গিয়াসউদ্দিন আহমেদ)

পরিচালক (ভিজিডি)

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

ফোন: ৯৮৬০২০৯।


ই-মেইলঃ dvgf@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০০৭.১৯.১৮৫

তারিখঃ ৮/৭/২০২০খ্রি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা.....।
- ২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা /চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেটও ময়মনসিংহ।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৭। উপজেলা পরিষদ চেয়ারম্যান,----- জেলা -----।
- ৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা,----- জেলা -----।
- ৯। জনাব প্রবীর কুমার দাস, কম্পিউটার প্রোগ্রামার, অত্র অধিদপ্তর। তাঁকে আদেশটি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েবসাইটে Upload ও প্রাপকের বরাবরে ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। জেলা খাদ্য নিয়ন্ত্রক,-----।
- ১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,-----।
- ১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক -----জেলা-----।
- ১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা -----জেলা-----।
- ১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জরুরী সাড়াদান কেন্দ্র, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। তাঁকে বরাদ্দপত্র বিভাগীয় কমিশনার এবং সকল জেলা প্রশাসক বরাবর ফ্যাক্স ও ই-মেইল মারফত প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।


০৬/০৭/২০২০
(শিবপদ মন্ডল)

(উপ-সচিব)

উপ-পরিচালক (ভিজিডি-১)

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

ফোন: ৯৮৪৩১৪৪